গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০৩৩.১৯.১৫৪

তারিখ: ১৫ পৌষ ১৪২৮ / ৩০ ডিসেম্বর ২০২১

**বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কিত নির্দেশনা প্রতিপালন।**

সূত্র: মন্ত্রিসেবা অধিশাখার পত্র নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫; তারিখ: ২৯ মে ২০২১

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে সূত্রোক্ত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে (সংযুক্ত)। উক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ভিআইপি লাউঞ্জ ব্যবহারকারীদের "প্রবেশ লগ (Entry Log)" যথাযথভাবে লিপিবদ্ধ করে সপ্তাহান্তে এ বিভাগের ইমেইলে (mss_sec@cabinet.gov.bd) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ।

৩০.১২.২০২১

(শফিউল আজিম)
যুগ্মসচিব (বিধি ও সেবা)
ফোন:০২২২৩৩৫৪৫৩৭
Email: js_rs@cabinet.gov.bd

সচিব
বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:
০১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
০২। মুখ্য সমন্বয়ক (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়।
০৩। সিনিয়র সচিব/সচিব..........................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
০৪। ---------------------------------------------------------------------------
০৫। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
০৬। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।
০৭। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।

সচিবের দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

অতিঃ সচিব (প্রঃ ও অঃ) এর দপ্তর
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
11 JAN 2022
ডাইরী নং..........

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মন্ত্রিসেবা অধিশাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ / ২৯ মে ২০১৯

বিষয়: হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের ভিআইপি লাউঞ্জ ব্যবহার সম্পর্কে।

সূত্র: ১। মপবি-১২/১/৮৮-বিধি/২০৩, তারিখ ২০ জুলাই ১৯৮৮
২। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৫২, তারিখ ১৮সেপ্টেম্বর ১৯৯০
৩। মপবি-১২/১/৮৮-বিধি (অংশ-১)/৩৭, তারিখ ১০ এপ্রিল ১৯৯১

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হতে বিমানযোগে গমন এবং প্রত্যাবর্তনের প্রাক্কালে বিশিষ্ট ব্যক্তিবর্গ এবং উচ্চ পদস্থ কর্মকর্তাদের জন্য ভিআইপি লাউঞ্জ সংরক্ষিত রাখা হয়েছে। 'Instructions regarding use of the VVIP and VIP Lounges at the Hazrat Shahjalal International Airport (Revised upto April 2010)'- অনুসারে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমান বন্দরে আগমন ও প্রত্যাগমনকালে তাঁদেরকে সম্বর্ধনা জ্ঞাপনের জন্য সর্বাধিক দুই জন দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশাধিকার দেওয়া হয়ে থাকে। কিন্তু সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে উপরোক্ত বিধি নিষেধ থাকা সত্ত্বেও প্রায়ই অতিরিক্ত লোকজন ভিআইপি লাউঞ্জে প্রবেশ করে অনাকাঙ্ক্ষিত পরিবেশের সৃষ্টি করছে। অন্যদিকে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন সব ব্যক্তিবর্গকে তা ব্যবহার করতে দেখা যাচ্ছে, যার ফলে বিমান বন্দরের সার্বিক নিরাপত্তা ও লাউঞ্জের সুষ্ঠু পরিবেশ বিঘ্নিত হচ্ছে যা অনভিপ্রেত। এ পরিপ্রেক্ষিতে বিভিন্ন সময়ে জারিকৃত সূত্রোস্থ অফিস স্মারকসমূহ একীভূত করে এবং ক্ষেত্রবিশেষে আংশিক সংশোধনক্রমে নির্দেশক্রমে এ স্মারক জারি করা হলো।

২। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের বিমানযোগে যাত্রা ও আগমনকালে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের ক্ষেত্রে নিম্নলিখিত নিয়মাবলি কঠোরভাবে অনুসরণ করতে হবে:

(ক) দুই জনের বেশী দর্শনার্থীকে ভিআইপি লাউঞ্জে প্রবেশের অনুমতি দেওয়া যাবে না এবং টারম্যাক এলাকায় কোন দর্শনার্থী প্রবেশ করতে পারবে না।
(খ) ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত নন এমন ব্যক্তিবর্গ কর্তৃক ভিআইপি লাউঞ্জ ব্যবহার কঠোরভাবে নিয়ন্ত্রণ করতে হবে।
(গ) দর্শনার্থীদের নাম, ঠিকানা ও পরিচয় পূর্বাহ্নে পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর-কে অবহিত করতে হবে।
(ঘ) ভিআইপি লাউঞ্জের স্বাভাবিক পরিবেশ, মর্যাদা ও নিরাপত্তা ক্ষুণ্ণ হতে পারে এমন কোন ব্যক্তিকে দর্শনার্থী হিসাবে ভিআইপি লাউঞ্জে প্রবেশ লাভের সুযোগ না দেওয়ার বিষয়ে ভিআইপি লাউঞ্জ ব্যবহারের জন্য প্রাধিকারপ্রাপ্ত বিশিষ্ট ব্যক্তিবর্গ ও উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণ নিশ্চিত করবেন।

৩। ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ নিজ ভ্রমণ ব্যতিরেকে তাঁদের পিতা/মাতা/স্ত্রী/স্বামী/পুত্র/কন্যা/পুত্রবধূ/জামাতাকে যাত্রী হিসাবে বিদায় ও অভ্যর্থনা জ্ঞাপনের সময় ভিআইপি লাউঞ্জ ব্যবহার করতে পারবেন।

৪। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এই নিয়মাবলি কঠোরভাবে কার্যকর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৫। মন্ত্রণালয়/বিভাগসমূহ তাদের আওতাধীন ভিআইপি লাউঞ্জ ব্যবহারের প্রাধিকারপ্রাপ্ত ব্যক্তিবর্গ/কর্মকর্তাগণকে বিষয়টি অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

স্বাক্ষরিত
(শফিউল আজিম)
যুগ্মসচিব (বিধি ও সেবা)
ফোন:৯৫৭৪৫৩৭
E-mail:js_rs@cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৪২২.৪৭.০১৩.১৪.৯৫

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬
২৯ মে ২০১৯

বিতরণ:

১। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব
..............................................................................মন্ত্রণালয়/বিভাগ (সকল)।

৩। অতিরিক্ত সচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৪। যুগ্মসচিব (সকল), মন্ত্রিপরিষদ বিভাগ।

৫। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

অনুলিপি:

১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৯/০৫/২০১৯

(মোছাঃ মোর্শেদা ফেরদৌস)
উপসচিব (মন্ত্রিসেবা)
ফোন: ৯৫৬০১২৬
E-mail: ms_sec@cabinet.gov.bd